গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১** বঙ্গাব্দ/ **২৯ মে, ২০২৪** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২১১-আইন/২০২৪/৬৩/কাস্টমস।-** কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১৯ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন।-** (১) এই বিধিমালা ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর অধীন লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে।

(৩) আইনের ধারা ২৬৩ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, এই বিধিমালা আইন বাস্তবায়নের সঙ্গে সঙ্গে কার্যকর করা প্রয়োজন বিধায় এই বিধিমালা ৬ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,-

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ"** অর্থ বিধি ৩ এ উল্লিখিত বিভিন্ন শ্রেণির ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ; এবং

(গ) **"দেশীয় ভোগের জন্য বন্ড প্রতিষ্ঠান"** অর্থ বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে দেশীয় ভোগের উদ্দেশ্যে প্রক্রিয়াজাতকরণপূর্বক উৎপাদিত পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠান।

৩। **ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ নির্ধারণ ।-** (১) আইনের ধারা ১১৯ এর উপ-ধারা (২) এ বর্ণিত ওয়্যারহাউসিং এর উদ্দেশ্যে, আমদানি কাস্টম হাউস বা শুল্ক স্টেশন হইতে পণ্য ছাড়ের তারিখ হইতে এবং স্থানীয় উৎস হইতে সংগ্রহের ক্ষেত্রে

সরবরাহকারী কর্তৃক জারীকৃত মূল্য সংযোজন কর চালান পত্র ইস্যুর তারিখ হইতে উপ-বিধি (২) এ বর্ণিত মেয়াদ নির্ধারিত হইবে।

(২) বিভিন্ন শ্রেণির ওয়্যারহাউসের জন্য পণ্য সংরক্ষণের মেয়াদ হইবে নিম্নরূপ, যথা:-

(ক) সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান বা প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ২৪ (চব্বিশ) মাস;

(খ) রপ্তানিমুখী জাহাজ নির্মাণ শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ৪৮ (আটচল্লিশ) মাস;

(গ) ডিপ্লোমেটিক বন্ড প্রতিষ্ঠান, ডিউটি ফ্রি বন্ড প্রতিষ্ঠান, ডিউটি পেইড বন্ড প্রতিষ্ঠান এবং কমিশারিয়েট কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ১২ (বারো) মাস; এবং

(ঘ) দেশীয় ভোগের জন্য বন্ড প্রতিষ্ঠান বা অন্যান্য বন্ড প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ হইবে অনধিক ৬ (ছয়) মাস।

৪। **ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ হ্রাস বা বৃদ্ধিকরণ।-** (১) কোনো পণ্যের বা কাঁচামালের গুণগতমান অবনতি হইবার আশংকা না থাকিলে কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস লিখিত কারণ উল্লেখপূর্বক, পণ্যের গুনগত মান অক্ষুণ্ন থাকা সাপেক্ষে, ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ আরো অনধিক ৬ (ছয়) মাস সময় পর্যন্ত বৃদ্ধি করিতে পারিবেন।

(২) কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস এই বিধির উপ-বিধি (১) ও বিধি ৩ এ যাহা কিছুই থাকুক না কেন, কাঁচামাল বা পণ্যের গুণগতমান অবনতি হইবার সম্ভাবনা থাকিলে, প্রতিটি ক্ষেত্রে তিনি যেরূপ উপযুক্ত বিবেচনা করিবেন সেইরূপ যুক্তিসঙ্গত সময়ের জন্য ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ হ্রাস করিতে পারিবেন।

৫। **ওয়্যারহাউসে পণ্য সংরক্ষণের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে বোর্ডের ক্ষমতা।-** (১) কমিশনার অব কাস্টমস (বন্ড) অথবা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস কর্তৃক বর্ধিত মেয়াদের মধ্যে ওয়্যারহাউসকৃত পণ্য উৎপাদন বা অপর কোনো

অনুমোদিত উদ্দেশ্যে ব্যবহার করিতে ব্যর্থতার ক্ষেত্রে ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের আমদানিকৃত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ বৃদ্ধির জন্য লাইসেন্সি জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে পারিবে।

(২) উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে কাঁচামালের মজুদ ও গুনগতমান সরেজমিনে যাচাই করিয়া বা প্রয়োজনে, বিশেষজ্ঞ মতামতের প্রেক্ষিতে, নিম্নবর্ণিত বিষয়াদি বিবেচনাপূর্বক, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বন্ডিং মেয়াদ বৃদ্ধির বিষয়ে কমিশনারের সুপারিশক্রমে, জাতীয় রাজস্ব বোর্ড পর্যালোচনা করিয়া, কেস টু কেস ভিত্তিতে যৌক্তিক সময়ের জন্য উক্ত পণ্যের ওয়্যারহাউসে সংরক্ষণের মেয়াদ বৃদ্ধির বিষয়টি বিবেচনা করিতে পারিবে, যথা:-

(ক) পণ্যের গুণগতমান অক্ষুন্ন থাকা;

(খ) উক্ত কাঁচামাল ব্যবহার করিয়া উৎপাদিত পণ্য রপ্তানির সক্ষমতা;

(গ) প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষা সম্পন্ন ও লাইসেন্স নবায়ন থাকা; এবং

(ঘ) বিবেচ্য পণ্যের বিরুদ্ধে কোনো মামলা না থাকা অর্থাৎ কোনো বিচারাদেশের মাধ্যমে দন্ড আরোপিত না হওয়া।

৬। **রহিতকরণ ও হেফাজত।-** (১) এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে জাতীয় রাজস্ব বোর্ড এবং কমিশনার অব কাস্টমস (বন্ড) বা বোর্ড কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কমিশনার অব কাস্টমস কর্তৃক জারীকৃত বিদ্যমান এতদ্‌সংক্রান্ত সকল প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদি এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা সূচিত কোনো কার্যধারা বা মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা যতদূর সম্ভব রহিত প্রজ্ঞাপন, আদেশ, সিদ্ধান্ত এবং অনুরূপ দলিলাদির অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা প্রণীত হয় নাই।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

স্বাক্ষরিত/-

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
**সিনিয়র সচিব**